



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- সিশিবো/পরীক্ষক/৯৪২


তারিখ : ১২ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

এসএসসি ও এইচএসসি পরীক্ষায় পরীক্ষক হওয়ার জন্য eTIF পূরণের ক্ষেত্রে নির্দেশনা

- ১। পরীক্ষক হতে আগ্রহী সকল শিক্ষকগণকে eTIF এর মাধ্যমে আবেদন করতে হবে।
- ২। খতকালীন, অনিয়মিত, ও গুরুতর অসুস্থ শিক্ষকগণের পরীক্ষক হওয়ার জন্য eTIF এ আবেদন করা যাবে না।
- ৩। যে শিক্ষক যে বিষয়ে পাঠদান করান শুধুমাত্র সে বিষয় Select করে আবেদন করবেন। কোনভাবেই বিষয় বহির্ভূত আবেদন করা যাবে না।
- ৪। মাধ্যমিক স্তরে নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পরীক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন না।
- ৫। কলেজের ক্ষেত্রে শিক্ষকগণ যে বিষয়ে অনার্স, মাস্টার্স করেছেন শুধুমাত্র সে বিষয়ই পারবেন Select করে আবেদন করবেন।
- ৬। eTIF পূরণের সময় অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষকের ০১ কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ৭। eTIF পূরণে কোন তথ্য গোপন বা অসত্য তথ্য সংযোজন করলে সকল দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে এবং এরূপ ক্ষেত্রে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। eTIF এ আবেদনের সময় শিক্ষকগণের নাম ও অন্যান্য তথ্যাদি ব্যাংকের হিসাব নম্বরে প্রদত্ত তথ্যের অনুরূপ হতে হবে। অন্যথায় অনলাইনে বিল প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হতে পারে।
- ৯। eTIF পূরণের স্বপক্ষে শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রেনিংয়ের সনদ এবং নিয়োগপত্রসহ সকল প্রকার কাগজপত্র প্রতিষ্ঠান প্রধানের নিকট দাখিল করবেন।
- ১০। যে সকল শিক্ষকগণ অবসর গ্রহণ করেছেন/মৃত্যুবরণ করেছেন/অন্যত্র বদলি হয়েছেন/বেচ্ছায় চাকুরী ছেড়ে দিয়েছেন সে সকল শিক্ষকগণের তথ্য প্রতি বছর পরীক্ষার পূর্বে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে Update করতে হবে।
- ১১। eTIF এর ভাটাবেজ থেকে যে সকল শিক্ষকগণ কে পরীক্ষক বা প্রধান পরীক্ষক হিসেবে নিয়োগ করা হবে তাঁদের অবশ্যই বোর্ড নির্ধারিত তারিখে উত্তরপত্র সংগ্রহ করতে হবে। অনেকে নিয়োগপত্র পাওয়ার পর বোর্ড থেকে পরীক্ষার উত্তরপত্র সংগ্রহ করেন না; যার ফলে সঠিক সময়ে উত্তরপত্র মূল্যায়নে জটিলতার সৃষ্টি হয় এবং যথাসময়ে ফলাফল প্রকাশ বিলম্বিত হয়। পরীক্ষক বা প্রধান পরীক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্তির পর নিধারিত তারিখে উত্তরপত্র গ্রহণ না করলে সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। ইতোপূর্বে যে সকল শিক্ষকগণ পরীক্ষকের তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন তাঁদেরকেও নতুন করে আবেদন করতে হবে। উপরোক্ত সকল নিয়মাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিষ্ঠান প্রধানগণকে eTIF এ পরীক্ষকের আবেদন Approved করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


১২.০৪.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছীন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

সিলেট বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল প্রতিষ্ঠান।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। অফিস কপি।